

(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

সরকারি কলেজ-৪ শাখা

বাংলাদেশ সচিবালয়, ঢাকা

www.shed.gov.bd



নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.১৯.০০৫.১৭.৫২

তারিখ: ২৫ মাঘ ১৪২৭

০৮ ফেব্রুয়ারি ২০২১

প্রজ্ঞাপন

বি.সি.এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের নিম্নবর্ণিত কর্মকর্তার নামের পার্শ্বে সময় ও বর্ণিত বিশ্ববিদ্যালয়ের অধীনে পিএইচ.ডি. (পূর্ণকালীন) গবেষণা কোর্সে অধ্যয়নের লক্ষ্যে ভর্তির অনুমতিসহ নিম্নোক্ত শর্তে তাঁর প্রেষণ মঞ্জুর করা হলো:

ক্রমিক	নাম, পদবী ও কর্মস্থল	কোর্স, বিশ্ববিদ্যালয় ও গবেষণার শিরোনাম	প্রেষণের মেয়াদ
০১	জনাব এ.এন.এম. মামুন শাহরিয়ার (২২০৬২) সহকারী অধ্যাপক (রসায়ন) বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা। ইনসিটু: শেখ হাসিনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয় ও কলেজ, গোপালগঞ্জ।	পিএইচ.ডি.(পূর্ণকালীন) শিক্ষাবর্ষ: ২০২০-২০২১ যশোর বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, যশোর। গবেষণার শিরোনামঃ “Photo-induced hydrogen production for fuel cell application”	০৮-০২-২০২১ তারিখ হতে ০৩ (তিন) বছর অথবা দায়িত্বভার হস্তান্তরের তারিখ পর্যন্ত ০৩ (তিন) বছর।

শর্তসমূহ:

ক. উচ্চ শিক্ষা গ্রহণের অগ্রগতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের/কোর্স পরিচালকের প্রত্যয়নপত্রসহ ০৬(ছয়) মাস অন্তর মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে মন্ত্রণালয়-কে অবহিত করবেন;

খ. প্রেষণের মেয়াদ শেষে কর্মস্থলে যোগদান করে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমে মন্ত্রণালয়-কে অবহিত করবেন। অন্যথায়, শৃংখলা ভঙ্গের অভিযোগে অভিযুক্ত করে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে;

গ. কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কোর্সের বিষয় (Subject) পরিবর্তন করা যাবে না;

ঘ. সৃষ্ট রিজার্ভ পদের বিপরীতে প্রাপ্যতা অনুযায়ী বেতন-ভাতাদি উত্তোলন করবেন এবং

ঙ. কোর্স সম্পন্ন করে জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নোয়েম)-এ গবেষণা কর্মের উপর একটি প্রেজেন্টেশন প্রদান করতে হবে।

০২. উল্লেখ্য, প্রেষণকালীন তিনি মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা হিসেবে ন্যস্ত থাকবেন।

০৩. এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



মোহাম্মদ আবু নাসের বেগ
উপসচিব

নম্বর: ৩৭.০০.০০০০.০৬৯.১৯.০০৫.১৭.৫২/১(১০)

তারিখ: ২৫ মাঘ ১৪২৭
০৮ ফেব্রুয়ারি ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল:

- ১) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
- ২) রেজিস্ট্রার.....
- ৩) অধ্যক্ষ.....
- ৪) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, ৪৫ পুরানা পল্টন, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ৬) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৭) জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
- ৮) জনাব.....
- ৯) ব্যক্তিগত কর্মকর্তা, কলেজ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ১০) জেলা/উপজেলা হিসাবরক্ষণ কর্মকর্তা.....